গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পল্লী উন্নয়ন একাডেমি, বগুড়া
www.rda.gov.bd

স্মারক নং- ৪৭.৬৪.১০৮৮.০০০.০২৭.২৫.০০০১.২২/৪৮৩

তারিখ: ০৪ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৯ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

# দক্ষতা উন্নয়ন বিষয়ক কারিগরি প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া'য় জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) কর্তৃক নিবন্ধিত নিম্নবর্ণিত দক্ষতা উন্নয়ন বিষয়ক কারিগরি প্রশিক্ষণ কোর্সসমূহে প্রশিক্ষণ গ্রহণের নিমিত্ত আগ্রহী প্রশিক্ষণার্থীগণকে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে:

<table>
<tr><th>ক্র. নং</th><th>প্রশিক্ষণ কোর্সের নাম</th><th>সংখ্যা</th><th>মেয়াদ</th><th>কোর্স ফি</th><th>আবেদনের যোগ্যতা</th></tr>
<tr><td>১.</td><td>ডিজিটাল মার্কেটিং ফর ফ্রিল্যান্সিং</td><td>২০ জন</td><td>৩৬০ ঘন্টা (৪৫ দিন)</td><td>৫০০০/- (পাঁচ হাজার) টাকা</td><td>ন্যূনতম এইচএসসি পাস; সর্বনিম্ন বয়স ১৮ বছর; সর্বোচ্চ ৪০ বছর; বেসিক কম্পিউটার পরিচালনার দক্ষতা (মাইক্রোসফট অফিস ও ইন্টারনেট ব্যবহার) এবং বাংলা ও ইংরেজি ভাষায় যোগাযোগের দক্ষতা</td></tr>
<tr><td>২.</td><td>ইলেকট্রিক্যাল ইনস্টলেশন এন্ড মেইনটেন্যান্স ফর কনস্ট্রাকশন</td><td>২০ জন</td><td>৩৬০ ঘন্টা (৪৫ দিন)</td><td>১,০০০/- (এক হাজার) টাকা</td><td rowspan="4">ন্যূনতম অষ্টম শ্রেণি পাস; সর্বনিম্ন বয়স ১৮ বছর; সর্বোচ্চ ৩৫ বছর</td></tr>
<tr><td>৩.</td><td>রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং</td><td>২০ জন</td><td>৩৬০ ঘন্টা (৪৫ দিন)</td><td>১,০০০/- (এক হাজার) টাকা</td></tr>
<tr><td>৪.</td><td>প্লাম্বিং</td><td>২০ জন</td><td>৩৬০ ঘন্টা (৪৫ দিন)</td><td>১,০০০/- (এক হাজার) টাকা</td></tr>
<tr><td>৫.</td><td>টেইলরিং অ্যান্ড ড্রেস মেকিং</td><td>২০ জন</td><td>৩৬০ ঘন্টা (৪৫ দিন)</td><td>১,০০০/- (এক হাজার) টাকা</td></tr>
</table>

**অনলাইনে আবেদনের নিয়ম**

প্রার্থীকে নির্ধারিত সময়ের মধ্যে আরডিএ, বগুড়ার ওয়েবসাইটে (www.rda.gov.bd) অথবা নির্ধারিত লিংক (rda-training.online) এ গিয়ে অনলাইনে আবেদন করতে হবে।

**সরাসরি অথবা ডাক মারফত আবেদনের ক্ষেত্রে আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি দাখিল করতে হবে**

১. শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি;
২. জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;
৩. এক কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

**আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্রাদি জমাদানের শেষ তারিখ** : ১০ সেপ্টেম্বর ২০২৬
**নির্বাচনী সাক্ষাৎকার** : ১৫ সেপ্টেম্বর ২০২৬
**নির্বাচিত প্রশিক্ষণার্থীদের তালিকা প্রকাশ** : ১৬ সেপ্টেম্বর ২০২৬
**প্রশিক্ষণ শুরু** : ২১ সেপ্টেম্বর ২০২৬

**প্রশিক্ষণার্থীদের জন্য সুযোগ-সুবিধাদি**

১. প্রশিক্ষণ শেষে এনএসডিএ কর্তৃক লেভেল-১ পরীক্ষায় উত্তীর্ণ সাপেক্ষে এনএসডিএ এর সনদপ্রাপ্ত হবেন যা দেশে-বিদেশে চাকুরি প্রাপ্তিতে সহায়ক হবে;
২. সরকারি খরচে আহার ও আবাসন, আধুনিক গ্রন্থাগার, অত্যাধুনিক কম্পিউটার ল্যাবঃ ব্যবহারের সুযোগ;
৩. প্রশিক্ষণার্থীদের আত্ম-কর্মসংস্থান সৃষ্টি, উদ্যোক্তা উন্নয়নে কাউন্সেলিং সুবিধা এবং চাকুরির ক্ষেত্রে সহযোগিতা প্রদান।

**জরুরী প্রয়োজনে:** জনাব মোঃ তানজিল আনোয়ারী, সহাকারী পরিচালক (প্রশিক্ষণ), মোবাইল নং: ০১৮৩৫৮২১৮২৮

**বি. দ্র.** কর্তৃপক্ষ বিশেষ প্রয়োজনে উক্ত সময়সূচির পরিবর্তন করতে পারবেন।

**মহাপরিচালক (ভারপ্রাপ্ত)**
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।